



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/2/2022

গভর্নর ক্যাথি হোকল

মিডওয়াইফারি বার্থ সেন্টারগুলোতে রোগীর অভিজ্ঞতা সমৃদ্ধ করার জন্য গভর্নর হোকলের আইন স্বাক্ষর

S.1414A/A.259 আইনটি অ্যাক্রিডিটেড মিডওয়াইফারি বার্থ সেন্টারগুলোর জন্য লাইসেন্সপ্রাপ্তির প্রক্রিয়াকে সহজতর করে

গভর্নর ক্যাথি হোকল S.1414A/A.259 আইনটি স্বাক্ষরের ঘোষণা দিয়েছেন যা মিডওয়াইফারি বার্থ সেন্টারগুলোর লাইসেন্সপ্রাপ্তি, প্রতিষ্ঠা, ও কার্যপরিচালনার ক্ষেত্রে প্রযোজ্য বিধিমালা যাতে ধাত্রীবিদ্যা অনুশীলন আইন (Midwifery Practice Act) অথবা মিডওয়াইফারি বার্থ সেন্টারগুলোকে স্বীকৃতি প্রদানের বিশেষ দক্ষতাসম্পন্ন জাতীয় কর্তৃপক্ষগুলোর মানদণ্ডসমূহের সাথে সঙ্গতিপূর্ণ হয় তা নিশ্চিত করে।

"সন্তান জন্মদানকারী ব্যক্তির নিজেদের জন্য সেবা পরিবেশ বেছে নেয়ার অধিকার রয়েছে," বলেছেন গভর্নর হোকল। "অনেক দীর্ঘ সময় ধরে, ধাত্রীবিদ্যা কেন্দ্রগুলো খোলার ক্ষেত্রে অহেতুক প্রতিবন্ধকতার সম্মুখীন হয়ে আসছে, যা আমাদের স্টেটব্যাপী এসব অনুশীলনের একটি গুরুতর শূন্যতা সৃষ্টি করেছে। এসব প্রতিবন্ধকতা অপসারণ করা এবং নবজাতকদের এই পৃথিবীতে নিয়ে আসা নিউ ইয়র্কবাসীদের জন্য প্রসবের স্থান বেছে নেয়ার বিস্তৃত পরিসরের বিকল্প প্রদান করার জন্য এই আইন স্বাক্ষর করতে পেরে আমি গর্বিত।"

S.1414A/A.259 আইনটি কোনো প্রসিদ্ধ স্বীকৃতি প্রদানকারী সংস্থা কর্তৃক স্বীকৃত কোনো মিডওয়াইফারি বার্থ সেন্টারের জন্য ধারা 28-এর অধীন ফ্যাসিলিটি হিসেবে কার্যপরিচালনার সনদপ্রাপ্তির জন্য একটি সহজতর প্রক্রিয়া প্রদান করে।

সিনেটর গুস্তাভো রিভেরা বলেন, "নিউ ইয়র্কে সন্তান জন্মদানের কেন্দ্রগুলো প্রতিষ্ঠা ও কার্যপরিচালনার প্রক্রিয়া সহজতর করার মাধ্যমে, আমরা আমাদের স্টেটের মাতৃত্বকালীন মৃত্যুর বিধ্বংসী সংকট দূর করতে সক্রিয়ভাবে কাজ করছি। গর্ভবতী মহিলারা, বিশেষ করে অশ্বেতাঙ্গ মহিলারা যারা ঐতিহাসিক কাল থেকে উল্লেখযোগ্য স্বাস্থ্য বৈষম্য এবং পুরোদস্তুর মেডিকেল বর্ণবাদের শিকার হয়ে আসছেন, তারা যাতে তাদের প্রাপ্য পেশাদার ও নিরাপদ মাতৃত্বকালীন সেবা পেতে পারেন তা নিশ্চিত করা আমাদের দায়িত্ব। এই গুরুত্বপূর্ণ বিলটিকে স্বাক্ষর করে আইনে পরিণত করায় আমি গভর্নর হোকলকে ধন্যবাদ জানাতে চাই, কারণ আমি দৃঢ়ভাবে বিশ্বাস করি যে এসব ধাত্রীবিদ্যা কেন্দ্র মহিলাদের মর্যাদার সঙ্গে সন্তান জন্মদানের সুযোগ করে দিবে।"

অ্যাসেম্বলি সদস্য রিচার্ড গটফ্রাইড বলেন, "ধাত্রীবিদ্যা নিউ ইয়র্কে একটি সুপ্রতিষ্ঠিত লাইসেন্সধারী পেশা, যেটিতে সফলতার দীর্ঘ রেকর্ড বিদ্যমান রয়েছে। মিডওয়াইফদের নেতৃত্বে পরিচালিত বার্থ সেন্টারগুলো একটি সহায়তামূলক পরিবেশে সুস্থতা-নির্ভর সন্তান জন্মদানের প্রসার ঘটায়। গবেষণায় দেখা গেছে যে এসব সেবা কেন্দ্রে অপেক্ষাকৃত কম সংখ্যক লেবার ইন্ডাকশনের ঘটনা, অসাধারণ নিরাপত্তার রেকর্ড, এবং সফলভাবে মা-বাবার সাথে বন্ধন তৈরির ফলাফল পেতে দেখা যায়। এই বিল একট যথাযথভাবে নিয়ন্ত্রিত পরিবেশে এসব সেবা কেন্দ্রের অ্যাক্সেস উন্নত করবে। আমি বহু মিডওয়াইফ সমর্থকদের, গভর্নর হোকল, সিনেট পৃষ্ঠপোষক গুস্তাভো রিভেরা, এবং অ্যাসেম্বলি স্পিকার কার্ল হিয়েস্টিকে এই বিলটিকে আইনে পরিণত করায় তাদের অবদানের জন্য ধন্যবাদ জানাই।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্কাইব করুন](#)